



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

“ফিলিস্তিনী জনগণের স্বাধিকার আন্দোলনের অকুণ্ঠ সমর্থক হিসেবে সর্বদাই অনড় অবস্থানে রয়েছে বাংলাদেশ” ।

নিউইয়র্ক, ২০ এপ্রিল ২০১৭ :

“ফিলিস্তিনী জনগণের স্বাধিকার আন্দোলনের অকুণ্ঠ সমর্থক হিসেবে সর্বদাই অনড় অবস্থানে রয়েছে বাংলাদেশ”- আজ জাতিসংঘ নিরাপত্তা পরিষদে “প্যালেস্টাইন প্রশ্নসহ মধ্যপ্রাচ্য পরিস্থিতি” শীর্ষক এক উন্মুক্ত বিতর্কে অংশ নিয়ে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন এ কথা বলেন। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের চলতি এপ্রিল মাসের সভাপতি হিসেবে যুক্তরাষ্ট্র এই অনুষ্ঠানের আয়োজন করে।

রাষ্ট্রদূত মোমেন বলেন, “এ বছরের জানুয়ারি মাসে ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস বাংলাদেশ সফর করেন। এসময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিলিস্তিনের প্রেসিডেন্টকে জানান ‘বাংলাদেশ সরকার ও জনগণ সবসময়ই পূর্ব জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন, কার্যকর ফিলিস্তিনী রাষ্ট্র গঠন, ফিলিস্তিনি জনগণের স্বদেশে প্রত্যাবর্তনের অধিকার এবং মৌলিক মানবাধিকারের প্রশ্নে অবিচল রয়েছে’। প্রধানমন্ত্রীর এই উক্তি ফিলিস্তিনী জনগণের আত্মনিয়ন্ত্রণ অধিকার রক্ষার প্রতি বাংলাদেশের দৃঢ় সমর্থনেরই বহিঃপ্রকাশ”।

স্থায়ী প্রতিনিধি আরও বলেন, “মধ্যপ্রাচ্যের বিভিন্ন এলাকায় ভ্রাতৃঘাতী সংঘর্ষের বিষয়ে বাংলাদেশ সবসময়ই উদ্বিগ্ন যা আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা রক্ষায় গভীর প্রভাব ফেলছে। সন্ত্রাসী গোষ্ঠীসহ অপশক্তিগুলোর ক্রমবর্ধমান সম্পৃক্ততা অধিকাংশক্ষেত্রেই পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে যার ভয়াবহ শিকার হচ্ছে নিরীহ বেসামরিক জনগণ। বাংলাদেশ রাজনৈতিক ও মানবিক ক্ষেত্রসহ দ্বন্দ্বসংকুল এই পরিস্থিতি নিরসনে নিরাপত্তা পরিষদের অব্যাহত ভূমিকা প্রত্যাশা করে।

ফিলিস্তিনী জনগণের মানবাধিকার লঙ্ঘন এবং আন্তর্জাতিক মানবাধিকার আইনের আলোকে তাদের সুরক্ষার বিষয়ে যথাযথ গুরুত্ব দেওয়ার উপর বাংলাদেশের পক্ষ থেকে আবারও আহ্বান জানানো হয়।